



বেগম শামসুন নাহার এম.পি.
মাননীয় প্রতিমন্ত্রী

একুশ শতকে বাংলাদেশকে উন্নত বিশ্বের সঙ্গে তালমিলিয়ে পথ চলতে বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়নদর্শনের সঙ্গে যাঁরা সংগ্রামী সহযাত্রী তাঁদের মাঝে বেগম শামসুন নাহার চাঁপা অন্যতম। সাংগঠনিক দক্ষতা, উদারতা মহানুভবতাগুণে তিনি বাংলাদেশ আওয়ামী লীগের অত্যন্ত সুপরিচিত মুখ।

মাননীয় শিক্ষা প্রতিমন্ত্রী শামসুন নাহার চাঁপা একজন শিক্ষানুরাগী, প্রচারবিমুখ ও নিঃস্বার্থ রাজনৈতিক কর্মী। সরকারি কমকর্তা হিসেবে জাতীয় গণমাধ্যম ইন্সটিটিউট থেকে স্নেহায় অবসর গ্রহণের পর তিনি আওয়ামী লীগের রাজনীতিতে অংশগ্রহণ করেন। বর্তমানে তিনি তৃতীয় বারের মতো বাংলাদেশ আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক হিসেবে কাজ করে যাচ্ছেন।

টাঙ্গাইলের ঐতিহ্যবাহী ধনবাড়ী উপজেলায় মুশুদ্দি গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন শামসুন নাহার চাঁপা। মা হামিদা বেগম একজন সুগৃহিণী। পিতা কাছিম উদ্দিন আহমেদ ছিলেন প্রগতিশীল, বিদ্যানুরাগী ও সমাজসেবক। সমাজের সর্বস্তরের মানুষের সাথে যিনি সারা জীবন ছায়ার মত সম্পৃক্ত ছিলেন। বঙ্গবন্ধুর দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে তাঁর সন্তানেরা ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। তিন ভাই আট বোনের মধ্যে শামসুন নাহার চাঁপা পঞ্চম। শামসুন নাহার চাঁপা মুশুদ্দি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে প্রাথমিক শিক্ষা শেষ করে সরিষাবাড়ি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে কৃতিত্বের সাথে ম্যাট্রিক পাস করেন। মাননীয় প্রতিমন্ত্রী ধনবাড়ী কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করেন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৭৫-৭৬ সেশনে প্রাণিবিদ্যা বিভাগে অনার্সে ভর্তি হন এবং ১৯৮৩ সালে এমএসসি ডিগ্রি লাভ করেন। পাশাপাশি তিনি তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা সম্পন্ন করেন।

শামসুন নাহার চাঁপা ১৯৭৪ সাল থেকে ছাত্রলীগের রাজনীতিতে যুক্ত হন। শৈশব থেকে পারিবারিকভাবে রাজনৈতিক আবহে বেড়ে ওঠা শামসুন নাহার চাঁপা ১৯৭৫ পরবর্তী প্রেক্ষাপটেও ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের প্রতিনিধিত্ব করেন। ১৯৭৯-৮০ সেশনে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন নাহার হল সংসদের সাধারণ সম্পাদক নির্বাচিত হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন নাহার হলের সহকারি আবাসিক শিক্ষকেরও দায়িত্ব পালন করেন। বঙ্গবন্ধুর শিক্ষা দর্শন তার রচিত অন্যতম বই।

তিনি বাংলাদেশ আওয়ামী লীগের অভীষ্ট “যুগোপযোগী শিক্ষার ইশতেহার বাস্তবায়নে সরকারের সহযোগী হয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। তিনি শিক্ষা ও মানবসম্পদ উন্নয়নকল্পে দেশ বরেণ্য শিক্ষাবিদ ও মাননীয় মন্ত্রীদের অংশগ্রহণের মধ্য দিয়ে জাতীয় ইস্যুতে বিভিন্ন সেমিনার ও মতবিনিময় সভা করে নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নে উদ্বুদ্ধ করছেন।

এছাড়াও তিনি অনগ্রসর জনগোষ্ঠীর উন্নয়নে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় নারীর ক্ষমতায়নে তথ্য ও প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ” কর্মসূচির নির্বাহী পরিচালকের দায়িত্ব পালন করছেন।